

## প্রতিবেদন

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০২১-২২ অর্থবছরে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের জন্য ট্রাস্টের ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম (e-stipend management system) এর সাথে সোনালী ব্যাংক লিমিটেড-এর এপিআই ইন্টিগ্রেশন (API integration) করার জন্য সোনালী ব্যাংক লিমিটেড-এর বিগত ২৭ অক্টোবর ২০২১ তারিখের সূত্র-প্রকা/জিএসডি/সাডি/এইপআই/৩৩৬১ পত্রের আলোকে অদ্য ১০ নভেম্বর ২০২১ তারিখে ট্রাস্টের উপবৃত্তি ও আইসিটি শাখার কর্মকর্তাগণ এবং সিনেসিস আইটি লিমিটেড-এর ০৪ জন প্রতিনিধির সাথে সোনালী ব্যাংক লিমিটেড-এর গভ: একাউন্টস এন্ড সার্ভিসেস ডিভিশনের কর্মকর্তাগণের সাথে এপিআই ইন্টিগ্রেশন বিষয়ে আলোচনা হয়।

২.০ আলোচনার প্রারম্ভে ট্রাস্টের সহকারী পরিচালক উপবৃত্তি বলেন, ২০২১-২২ অর্থবছরের উপবৃত্তি প্রদান বিজ্ঞপ্তি নভেম্বর ২০২১ মাসের শেষ সপ্তাহে প্রকাশের লক্ষ্যে কার্যক্রম গ্রহণের স্বার্থে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম এর সাথে সোনালী ব্যাংক লিমিটেড এর **API integration** করা প্রয়োজন। সভায় উপস্থিত সকলে এপিআই ইন্টিগ্রেশন বিষয়ে আলোচনা করেন। এ সময় ট্রাস্টের ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম এর সাথে সোনালী ব্যাংক লিমিটেড এর **API integration** করার বিষয়ে কারিগরি ও সময়াবদ্ধ দিকগুলো নিয়ে আলোচনা হয়।

৩.০ আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৩.১	ট্রাস্টের ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম এর সাথে সোনালী ব্যাংক লিমিটেড এর <b>API integration</b> করতে সিনেসিস আইটি লিমিটেড আগামী ১৫ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে সোনালী ব্যাংক লিমিটেড-কে <b>API</b> ডকুমেন্ট সরবরাহ করবেন।
৩.২	সোনালী ব্যাংক লিমিটেড <b>MFS</b> (বিকাশ, রকেট, উপায় ও নগদ)-এর সাথে <b>API</b> করে আগামী ২২ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট-কে অবহিত করবেন।